

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা।
[\(www.wewb.gov.bd\)](http://www.wewb.gov.bd)

নম্বর-৪৯.০৮.০০০০.০৩৫.১০.০০১.১৮(০৫)-৪১

তারিখ: ০১ মার্চ, ২০১৮খ্রি।

বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি তৃণমূল পর্যায়ে ব্যাপক প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৭ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি, ৯ম শ্রেণি, পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্বাচিত সংখ্যক শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহবান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তি ১৯ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের “দৈনিক আমাদের সময়” এবং “দৈনিক বাংলাদেশ প্রতিদিন” পত্রিকার প্রকাশিত হয়েছে। এছাড়া ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাবে।

২.০ আবেদন পত্র ২৯ মার্চ, ২০১৮ তারিখ, বিকাল ৫ টার মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এর দণ্ডে পৌছাতে হবে। প্রবাসী কর্মীরা যাতে করে তাদের মেধাবী সন্তানদের জন্য বৃত্তির সুযোগ গ্রহণ করতে পারে সে জন্য জেলা ও উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, গণমাধ্যম, জেলা ও উপজেলা শিক্ষা অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন, জেলা ও উপজেলা শিক্ষা অফিস, স্থানীয় জনপ্রতিনিধি, স্থানীয় গণমাধ্যম এবং স্কুল/কলেজ/পাবলিক বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(নুরুল আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

ফোন- ৯৮৫২৬১৯

d.irp@wewb.gov.bd

জেলা প্রশাসক

সকল জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড।

৫। অফিস কপি/২০১৮।